

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৭৫০.২০১১- ০১৮

তারিখ ১০ মার্চ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৮৬৫৭/২০১১ হতে উদ্ধৃত কনটেন্ট পিটিশন নং-৩৯০/২০১৫ এর ১৪/১১/২০১৭ তারিখের আদেশ।


সূত্রঃ তারিখঃ ৩০.১১.২০১৭ খ্রিঃ, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত কনটেন্ট পিটিশন নং-৩৯০/২০১৫ সংক্রান্ত আদেশের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর পৌরসভায় ১৩.৬.২০১০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক কবিরবাজার পৌর মহিলা কলেজ বিলুপ্ত ঘোষণা এবং শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতা বন্ধ করার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৪ জনকে প্রতিপক্ষ করে ভারপ্রাপ্ত অধ্যক্ষ শামসুদ্দিন আহমেদ এবং অপর ৭ জন হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৮৬৫৭/২০১১ দায়ের করেন। রীটের অপরাধের প্রতিপক্ষ হলেনঃ সচিব, শিক্ষা মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ফরিদপুর এবং মেয়র, ফরিদপুর পৌরসভা। হাইকোর্ট বিভাগে গুনানী আবেদন রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষকে কারণ দর্শানোর আদেশ দেন। ১৭.১০.২০১২ তারিখে হাইকোর্ট বিভাগে রুল স্থায়ী করে কবিরবাজার পৌর মহিলা কলেজ পরিচালনা না করা সংক্রান্ত ফরিদপুর পৌরসভার সিদ্ধান্ত বেআইনী ও অকার্যকর ঘোষণা করেন। একই সাথে রায়ে কপি প্রাপ্তির ৩০ দিনের মধ্যে কার্যক্রম স্থগিতের তারিখ থেকে উক্ত মহিলা কলেজের শিক্ষক কর্মচারীদের সম্পূর্ণ বেতন ভাতা পরিশোধ করার আদেশ দেন। উক্ত রায়ে অসম্মতিতে সরকার পক্ষ আপীল বিভাগে আপীল নং- ২২৫২/২০১৩ দায়ের করেন। আপীল বিভাগ গত ৩১ মে ২০১৫ তারিখে তামাদিচ্ছনিত কারণে উক্ত আপীল খারিজ করে দেন। অতঃপর রায় বাস্তবায়ন না করায় পিটিশনারগণ কনটেন্ট পিটিশন নং- ৩৯০/২০১৫ দায়ের করেন। এতে ফরিদপুর পৌরসভার মেয়র শেখ মাহতাব আলী মেথু একমাত্র প্রতিপক্ষ ছিলেন। গত ১৪.১১.২০১৭ তারিখে মূল রীট পিটিশনের ১-৩ নং প্রতিপক্ষ যথাক্রমে সচিব, স্থানীয় সরকার বিভাগ, সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক, ফরিদপুরকে কনটেন্ট পিটিশন প্রতিপক্ষ করা হয়েছে। কনটেন্ট পিটিশনের পরবর্তী দায়ের তারিখ ৩১.১.২০১৮।

২। এমতাবস্থায়, বর্ণিত রীট পিটিশন এবং কনটেন্ট পিটিশনের আলোকে ফরিদপুর পৌরসভার কবিরবাজার পৌর মহিলা কলেজের শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি পরিশোধ এবং উক্ত কলেজের বর্তমান কার্যক্রম সংক্রান্ত একটি হালনাগাদ প্রতিবেদন পত্র প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে শ্রেণণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। বিষয়টি অতীব জরুরী

সংযুক্তঃ রীট পিটিশন ও কনটেন্ট পিটিশন ----- ফর্দ।


২৩.১.১৮

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব (আইন)

৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক

ফরিদপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মেয়র, ফরিদপুর, পৌরসভা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৫। অফিস কপি/মাষ্টার কপি।